

বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি

Bangladesh Class-III Govt. Employees Association

(একটি অরাজনৈতিক শ্রেণীভিত্তিক পেশাজীবী সংগঠন)

অস্থায়ী কার্যালয় : ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।

e-mail : info@bgeac3.com web:wwwbgeac3.com

স্মারক নং : বাতসকস/সম/২০১৪/১২৮

তারিখ : ২২ নভেম্বর ২০১৪ খ্রিঃ।

প্রেস বিজ্ঞপ্তি

জুলাই, ২০১৪ হতে নতুন বেতন স্কেল বাস্তবায়নের দাবীতে মানববন্ধন কর্মসূচী পালন

৮ম জাতীয় বেতন স্কেল সুপারিশ জুলাই, ২০১৪ হতে বাস্তবায়নের দাবীতে বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি সমিতি অদ্য ২২ নভেম্বর ২০১৪ জাতীয় প্রেস ক্লাব সম্মুখ সড়কের পার্শ্বে ঢাকা মহানগরীর বিভিন্ন দপ্তর প্রতিষ্ঠানের আগত হাজার হাজার কর্মচারীরা সমবেত হয়ে সকাল ১১.৩০ মিঃ হতে ১২.৩০ মিঃ পর্যন্ত মানববন্ধন কর্মসূচী পালন। সমিতির সভাপতি মোঃ মাহফুজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত মানববন্ধন কর্মসূচীতে বক্তরা বলেন যে,


জুলাই ২০১৪ইং হতে নতুন জাতীয় বেতন স্কেল প্রদান ও পূর্ণ বাস্তবায়ন করতে হবে। ১৯৭৩ সনে বঙ্গবন্ধু সরকার প্রদত্ত বেতন স্কেল অনুসরণে ৩য় শ্রেণীর কর্মচারীদের বিদ্যমান ৬টি গ্রেডের পরিবর্তে ৩(তিন)টি এবং ৪র্থ শ্রেণী কর্মচারীদের ৪(চার)টি গ্রেডের পরিবর্তে ২(দুই)টিসহ মোট ১২(বার)টি গ্রেডে বেতন স্কেল নির্ধারণ ও বাস্তবায়ন করতে হবে। জীবনযাপনের ব্যয় বৃদ্ধির সাথে সঙ্গতি রেখে ১৫০০০ টাকা সর্বনিম্ন মাসিক মূল বেতন নির্ধারণ ও মূল বেতনের ৭৫% বাড়ী ভাড়া, ২৫০০ টাকা চিকিৎসা ভাতা, ১১০০ টাকা যাতায়াত ভাতা, প্রতিদিন ৫০ টাকা হারে প্রতিমাসে ১১০০ টাকা টিফিন ভাতা, সন্তান শিক্ষাভাতা বৃদ্ধি, গ্যাস বিদ্যুৎ পানির বিল ভাতা হিসাবে প্রদান। ১০০% পেনশন, ১৪৪০০ হারে গ্র্যাচুইটি, চাকুরীর বয়সসীমা ৬০ বৎসর, ২০ বৎসরের ঐচ্ছিক অবসর, ১২ মাসের পরিবর্তে সমুদয় পাওনা ছুটির বেতন প্রদান। কর্মকর্তাদের ন্যায় ৩য় ও ৪র্থ শ্রেণী সকল কর্মচারীদের প্রতি পদে ৪(চার) বৎসর অন্তর দুই গ্রেড উপরে সিলেকশন গ্রেড প্রদান করে সৃষ্ট বেতন বৈষম্য নিরসন করতে হবে। বাংলাদেশ সচিবালয়, মহামান্য হাইকোর্টের কর্মচারী ও ডিপ্লোমা প্রকৌশলীদের ন্যায় অন্যান্য দপ্তর প্রতিষ্ঠানে কর্মরত অনুরূপ সমমানের ও সমপদের কর্মচারীদের পদবী যথাক্রমে ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসনিক কর্মকর্তা এবং প্রযোজ্য ক্ষেত্রে স্বপদে দ্বিতীয় শ্রেণীর পদমর্যাদা ও বেতনস্কেল প্রদান করার দাবী জানান।

মানববন্ধন কর্মসূচীতে বক্তব্য প্রদান করেন সর্বজনাব কার্যকরী সভাপতি জনাব রশিদ উল্লাহ, মোঃ আবদুল কাদের, মহাসচিব লুৎফর রহমান, সহ-সভাপতি নাজমা আক্তার, মান্নান হাজারভী, ইব্রাহিম খলিল, সামছুস জামান, নুরুলবী, নজরুল ইসলাম, জাকির হোসেন মল্লিক, অতিরিক্ত মহাসচিব আতাউর রহমান খান, নজরুল ইসলাম, যুগ্ম-মহাসচিব সেলিম মোল্লা, তাপস কুমার সাহা, রমিজ উদ্দিন মাঝি, মোঃ ফরিদুর রহমান, হেমায়েত হোসেন হিমু, আবদুল আজিজ, মজিফুল হক, মোহাম্মদ হাফেজ, আবদুল হক, মোঃ আবদুল ওয়াদুদ, অর্থ সচিব মোঃ হারেছ, সহকারী মহাসচিব আজিজুন নাহার, মারজাহান আক্তার নিপা, শফিকুল ইসলাম, মফিজুল ইসলাম পিন্টু, সাংগঠনিক সচিব রফিকুল ইসলাম মামুন, ঢাকা মহানগর কমিটির কার্যকরী সভাপতি হারুন-অর-রশীদ, সহ-সভাপতি খতিবুর রহমান, ওবায়দুল হক প্রমুখ।

বরাবর,

বার্তা সম্পাদক/চীফ রিপোর্টার

.....
.....


(মোঃ লুৎফুর রহমান)

মহাসচিব

০১৯২২-১১৭৫০১